# NYC পাবলিক স্কুলস্-এ কী কী ঘটছে

[اعرض هذه الوثيقة باللغة العربية] / [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন]
[查看本文件的中文版] / [Consultez ce document en français] / [Gade dokiman sa a an kreyòl ayisyen]
[이 문서를 한국어로 보기] / [Consulte este documento en español]
[یہ دستاویز اردو میں ملاحظہ کریں] / [Перевод документа на русский язык]
[schools.nyc.gov/messagesforfamilies]

## 26 ফেব্রুয়ারি, 2024-এর সপ্তাহ

পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে সামার রাইজিং-এর জন্য নতুন আবেদন প্রক্রিয়া সহ 2024-এর গ্রীষ্মে বা সামারে শেখার ও সমৃদ্ধির সুযোগসমূহ সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য।

## বিষয়সূচি:


- উপরিচিত্র
- মাইস্কুলস্ সামার রাইজিং-এর নতুন আবেদনপত্র
- ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ
- NYC স্কুলগুলোর সাথে সংযোগ


## K-8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য সামার রাইজিং ফিরে এসেছে

### উপরিচিত্র

সামার রাইজিং 2024-এর জন্য ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD)-এর সাথে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) আবারো অংশীদারিত্ব করার জন্য অধীর অপেক্ষায় রয়েছে। সামার রাইজিং এলিমেন্টারি এবং মিডল্ স্কুলের শিক্ষার্থীদেরকে আনন্দদায়ক, সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক, এবং হাতে-কলমে অভিজ্ঞতার সাথে সংযুক্ত করার মাধ্যমে তাদের শিক্ষায়তনিক, সামাজিক, এবং মানসিক দক্ষতাসমূহ বলিষ্ঠ করে। সামার রাইজিং **বিনা খরচে** দেয়া হয়, এবং যেকোনো বর্তমান কিন্ডারগার্টেন থেকে অষ্টম (8) গ্রেডের NYC শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত।

**K–5 গ্রেড:**

- কর্মসূচিটি 2 **জুলাই, 2024 থেকে 16 আগস্ট,** 2024 তারিখ পর্যন্ত, এবং প্রতি **সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 a.m. থেকে সন্ধ্যা 6:00 p.m.** পর্যন্ত চলবে।

**6-8 গ্রেড:**

- কর্মসূচিটি 2 **জুলাই, 2024 থেকে 8 আগস্ট,** 2024 তারিখ পর্যন্ত, এবং প্রতি **সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 8:00 a.m. থেকে বিকেল 4:00 p.m.** পর্যন্ত চলবে।

শিক্ষার্থীদেরকে বিনা খরচে ব্রেকফাস্ট এবং লাঞ্চ দেয়া হবে। কর্মসূচিতে শিক্ষকমণ্ডলীকে অন্তর্ভুক্ত করা হবে, যাদের নেতৃত্ব দেবেন NYCPS-এর স্টাফ এবং সমৃদ্ধিমূলক কর্মকাণ্ডসমূহের আয়োজন করবেন DYCD কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ (CBOs)।

## মাইস্কুলস্ সামার রাইজিং-এর নতুন আবেদনপত্র

আবেদন গ্রহণ **মার্চে শুরুর দিকে** উন্মুক্ত হবে এবং মার্চের শেষদিকে বন্ধ হবে। এই বছর, প্রথমবারের মতো, পরিবারেরা আমাদের অনলাইন ডিরেক্টরি ও আবেদন প্রক্রিয়া - **মাইস্কুলস্** ব্যবহার করে আবেদন করতে পারবেন।

আবেদন করতে, MySchools.nyc -এ লগ ইন করুন অথবা আপনার ইমেইল ঠিকানা, আপনার সন্তানের 9-রাশির শিক্ষার্থী আইডি (স্টুডেন্ট ID) নম্বর, এবং একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির অনন্য কোড - যা আপনি আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করে পেতে পারেন - তা ব্যবহার করে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করুন। আপনি যদি আগে মাইস্কুলস্ ব্যবহার করে আবেদন করে থাকেন, তবে আপনার সন্তান ইতোমধ্যেই আপনার অ্যাকাউন্টে যোগ হয়েছে। সাধারণ সহায়তা পেতে 311 নম্বরে ফোন করুন।

পরিবারেরা যতগুলো খুশি প্রোগ্রাম তাদের আবেদনে তালিকাবদ্ধ করতে পারেন; এবং তাদের পছন্দের একটি প্রোগ্রামে সুযোগ লাভের সম্ভাবনা বৃদ্ধির জন্য আমরা পরিবারদের যত বেশি সম্ভব প্রোগ্রাম তালিকাবদ্ধ করতে সুপারিশ করছি।

এই প্রক্রিয়াটি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে **হবে না**; সময়সীমা শেষ হবার পর সকল আবেদন একই সময়ে বিবেচনা করা হবে। পরিবারেরা চাইলে, আবেদনের সময়সীমার মাঝে যেকোনো সময় তাদের আবেদন পরিবর্তন করতে পারেন।

অফারসমূহ এপ্রিলের মাঝামাঝি সময়ে প্রকাশ করা হবে। আপনার ফলাফল দেখতে মাইস্কুলস্-এ পুনরায় লগ ইন করুন।

যদি আপনার কোনও প্রশ্ন থাকে অথবা সহায়তা প্রয়োজন হয়, তবে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন অথবা summer@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ

যেসব শিক্ষার্থী **12-মাস/'দীর্ঘায়িত শিক্ষা বছর' (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY)** স্পেশাল ক্লাস অথবা অটিজম্ প্রোগ্রামসমূহ - নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামসমূহে অংশগ্রহণ করছে, তারা নেস্ট অথবা হরাইজন সামার প্রোগ্রাম সাইটে - একটি 'দীর্ঘায়িত শিক্ষা বছর' (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY), ডিস্ট্রিক্ট 75, অথবা অটিজম প্রোগ্রামসমূহে তাদের IEP-এর সুপারিশ অনুযায়ী পরিষেবা পাবে। যেসব পরিবার সামার রাইজিং-এর মাধ্যমে IEP প্রোগ্রাম এবং দীর্ঘায়িত-দিবস বা এক্সটেন্ডেড ডে CBO-পরিচালিত সমৃদ্ধির সুযোগ লাভের আশা করেন, তাদেরকে আবেদনপত্রের পোর্টালটি ব্যবহার করা উচিত। K–5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য সামার রাইজিং সোমবার-শুক্রবার, সন্ধ্যা 6:00 p.m. পর্যন্ত চলবে এবং 6-8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য সোমবার-বৃহস্পতিবার, বিকেল 4:00 p.m. পর্যন্ত চলবে। এসব পরিবার সামার রাইজিং-এর আসন প্রাপ্তিতে অগ্রাধিকার পাবে এবং তারা IEP প্রোগ্রামের সাথে সংযুক্ত করে পরিচালিত CBO প্রোগ্রাম(সমূহ) থেকে বেছে নেবেন।

যদি কোনো পরিবার তাদের সন্তানের জন্য দীর্ঘায়িত-দিবস বা এক্সটেন্ডেড ডে-তে সমৃদ্ধি পেতে না চান, এবং তাদের সন্তান শুধু নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামে (12 p.m. পর্যন্ত), D75 (2:30 p.m. পর্যন্ত), অথবা ESY প্রোগ্রামে (2:00 p.m. পর্যন্ত) অংশগ্রহণ করবে, তাহলে পরিবারদের আবেদনপত্রের পোর্টাল ব্যবহার না করে তাদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।

যেসব শিক্ষার্থীর সামার রাইজিং-এ অংশগ্রহণের জন্য **বিশেষ সহায়তা** প্রয়োজন, যেমন একজন প্যারাপ্রফেশনাল অথবা নার্স, তারা তাদের স্বতন্ত্র চাহিদার ভিত্তিতে সহায়তা পাবে।

## NYC স্কুলস্-এর সাথে সংযোগ

NYC পাবলিক স্কুলস্ এবং সামার রাইজিং সম্পর্কিত সকল সর্বসাম্প্রতিক খবর পেতে, schools.nyc.gov বুকমার্ক করুন, আমাদেরকে টুইটার/X-এ @nycschools এবং @doechancellor -এ অনুসরণ করুন। এছাড়াও আপনি আমাদেরকে ফেসবুক -এ এবং ইনস্টাগ্রাম -এ আমাদের অফিশিয়াল @nycschools অ্যাকাউন্টে খুঁজে পাবেন।